

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
মিরপুর-২, ঢাকা-১২১৬
www.dpe.gov.bd

স্মারক নং- ৩৮.০১.০০০০.১০৭.৩৩.০০১.২০২৫- ১০৬

তারিখ: ১০ চৈত্র ১৪৩২
২৪ মার্চ ২০২৬

বিষয়: “প্রাথমিক বৃত্তি পরীক্ষা ২০২৫” এর পরীক্ষার্থীর তথ্য (ডিআর) IPEMIS সফটওয়্যারে এন্ট্রি, যাচাই এবং অনুমোদন, পরীক্ষার কেন্দ্র নির্বাচন, পরীক্ষক, নিরীক্ষক ও প্রধান পরীক্ষক এন্ট্রি প্রদানসহ প্রবেশপত্র প্রিন্টের সময়সূচি প্রেরণ

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, তাঁর উপজেলা/থানাধীন বেসরকারি বিদ্যালয় হতে “প্রাথমিক বৃত্তি পরীক্ষা ২০২৫” এর পরীক্ষার্থীর তথ্য (ডিআর) IPEMIS সফটওয়্যারে এন্ট্রিকরণ (পরীক্ষার্থীর ছবি ও স্বাক্ষর আপলোডসহ), যাচাইকরণ এবং অনুমোদন, পরীক্ষার কেন্দ্র নির্বাচন, পরীক্ষক, নিরীক্ষক ও প্রধান পরীক্ষক এন্ট্রি প্রদান কার্যক্রম নিম্নোক্ত সময়সূচি মোতাবেক সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো:

ক্রম	বিষয়/কার্যক্রম	সময়সীমা	দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি
১	বিদ্যালয় হতে অনলাইনে IPEMIS-সিস্টেমে পরীক্ষার্থীর তথ্য (ডিআর) এন্ট্রি (পরীক্ষার্থীর ছবি ও স্বাক্ষর আপলোডসহ) সম্পন্নকরণ এবং সঠিকতা যাচাইপূর্বক এইউপিইও/এটিপিইও এবং ইউপিইও/টিপিইও গণের আইডিতে প্রেরণ ও অনুমোদন	২৪-২৫ মার্চ ২০২৬	সংশ্লিষ্ট বিদ্যালয়ের প্রধান শিক্ষক এইউপিইও/এটিপিইও
২	পরীক্ষার কেন্দ্র নির্বাচন	২৬-২৮ মার্চ ২০২৬	এইউপিইও/এটিপিইও
৩	পরীক্ষক, নিরীক্ষক ও প্রধান পরীক্ষক এন্ট্রি প্রদান	২৯ মার্চ- ০২ এপ্রিল ২০২৬	ইউপিইও/টিপিইও
৪	প্রবেশপত্র প্রিন্ট	৬-১৩ এপ্রিল ২০২৬	প্রধান শিক্ষক ইউপিইও/টিপিইও

০২। এমতাবস্থায়, প্রাথমিক বৃত্তি পরীক্ষা ২০২৫ সংক্রান্ত উল্লিখিত কার্যক্রমসমূহ বর্ণিত সময়সূচি অনুযায়ী সম্পন্ন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



মোঃ সাজ্জাদ হোসেন
সহকারী পরিচালক (সাধারণ প্রশাসন)
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর

উপজেলা/থানা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)
উপজেলা/থানা.....
জেলা:

স্মারক নং- ৩৮.০১.০০০০.১০৭.৩৩.০০১.২০২৫- ১০৬

তারিখ: ১০ চৈত্র ১৪৩২
২৪ মার্চ ২০২৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো:

১. পরিচালক (প্রশাসন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা-১২১৬।
২. পরিচালক (আইএমডি), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা-১২১৬ (২৪/০৩/২০২৬ তারিখ হতে IPEMIS সফটওয়্যারে পরীক্ষার্থীর তথ্য (ডিআর) এন্ট্রি, কেন্দ্র নির্বাচন, পরীক্ষক, নিরীক্ষক ও প্রধান পরীক্ষক অপশন উন্মুক্তকরণের অনুরোধসহ)
৩. সচিবের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. বিভাগীয় উপপরিচালক (প্রাথমিক শিক্ষা), ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/ময়মনসিংহ/রংপুর/সিলেট/বরিশাল বিভাগ।
৫. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল),জেলা।
৬. মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা-১২১৬ (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭. অতিরিক্ত মহাপরিচালক/অতিরিক্ত মহাপরিচালক (পিইডিপি৪) এর ব্যক্তিগত কর্মকর্তা, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা-১২১৬ (অতিরিক্ত মহাপরিচালক/ অতিরিক্ত মহাপরিচালক (পিইডিপি৪) মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮. অফিস কপি।